ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২১৩০
সোনামুড়া, ৫ আগস্ট, ২০২৫

**নবনির্মিত সোনামুড়া মহকুমা শাসকের অফিস পরিদর্শনে উচ্চশিক্ষা মন্ত্রী**

উচ্চশিক্ষা মন্ত্রী কিশোর বর্মণ গতকাল সোনামুড়ার নবনির্মিত মহকুমা শাসকের অফিস বাড়িটি পরিদর্শণ করেন। তিনি নতুন ভবনের প্রতিটি কক্ষ সরেজমিনে পরিদর্শন করেন। সংবাদ মাধ্যমের সাথে কথা বলতে গিয়ে তিনি জানান, বিভিন্ন সরকারি কাজের জন্য সোনামুড়া মহকুমার মানুষকে এসডিএম অফিসের কাজের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন অফিসে যেতে হচ্ছে। নতুন ভবনটিতে কাজ শুরু হলে সমস্ত বিভাগগুলো একই ছাঁদের নীচে আনা হবে। ফলে জনগণের পক্ষে প্রশাসনিক পরিষেবা পেতে সহজ হবে। তিনি বলেন, পরিকাঠামো উন্নয়নের জন্য বর্তমান সরকার কাজ করছে। নবনির্মিত মহকুমা শাসকের অফিস পরিদর্শনকালে উচ্চশিক্ষা মন্ত্রীর সঙ্গে সোনামুড়া মহকুমার মহকুমা শাসক রাজু দেব, বিভিন্ন দপ্তরের আধিকরিকগণ, জনপ্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

*****